# এক্সপ্লোরিং প্ল্যান্টস (Exploring Plants): এ প্রিস্কুল রিলেটেড সার্ভিসেস প্যারেন্ট রিসোর্স ( A Preschool Related Services Parent Resource)

**প্রিয় পিতামাতা,**

**এনওয়াইসি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) -এর প্রিস্কুল রিলেটেড সার্ভিসেস প্যারেন্ট রিসোর্সটি সময় নিয়ে দেখার জন্য ধন্যবাদ। আপনার সন্তান ক্লাসরুমে যা শিখছে বা করছে, ওগুলো বাসায় অথবা আপনার কমিউনিটিতে সে কিভাবে চর্চা করবে এবং সেটা আপনি কিভাবে ওকে শেখাবেন এবিষয়ে এই রিসোর্সটি আপনাকে সহায়তা করবে। শিশুর ক্রমবিকাশের যে পাচটি এক্তিয়ার রয়েছে এর মধ্যে আমরা শিশুকে দৈনিক কার্যক্রমগুলো দিচ্ছি।**

- ***শেখার বিবিধ প্রক্রিয়া (কৌতুহল, অধ্যবসায়, সৃজনশীলতা, এবং কল্পনাশক্তি)***
- **শারীরিক অগ্রগতি ও স্বাস্থ্য (হাটা, ওপর দিকে বেয়ে উঠা অথবা আরোহন করা, নাচা, রং করা, কাটতে শেখা, এবং ছবি আঁকা)**
- **সামাজিক ও আবেগজনিত অগ্রগতি (অন্যদের সাথে মিলেমিশে চলতে পারা, অনুভূতি প্রকাশ করা, প্রতিদিনের রুটিন বুঝতে পারা এবং মেনে চলা)**
- **ভাব আদান-প্রদান, ভাষা এবং স্বাক্ষরতা (স্পষ্টভাবে কথা বলা, গল্প শুনে বুঝতে পারা, এবং প্রশ্ন করা)**
- ***বিশ্ব সম্পর্কিত ধারণা ও জ্ঞান (গণনা করা, নমুনা বুঝতে পারা, কোনকিছু ভালভাবে লক্ষ্য করতে পারা, অনুমান করা, পরিবার এবং কমিউনিটি সম্পর্কে সচেতন হওয়া)***

**এনওয়াইসি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) -এর প্রিস্কুল রিলেটেড সার্ভিসেস প্যারেন্ট রিসোর্সের এবারের সংখ্যাটি হচ্ছে উদ্ভিদ (ছোট-বড় গাছ) বিষয়ক, এবং আপনার সন্তান তার প্রি-কে ক্লাসরুমে এটি শিখতে পারে। এই বিষয়বস্তুটি আপনার সন্তানকে তার চারপাশের পরিবেশ পর্যবেক্ষণ করার এবং বিশ্লেষণ করার সুযোগ করে দেবে। আপনার সন্তান বাসায় অথবা আপনার কমিউনিটিতে উদ্ভিদ বিষয়ে যা শিখেছে - ওগুলো বেড়ে উঠা এবং পরিবর্তিত হওয়া - এই জ্ঞান সে কিভাবে কাজে লাগাতে পারবে এই রিসোর্সটি আপনাকে সেবিষয়ে সহায়তা করবে।**

**শুভেচ্ছান্তে,**

**প্রিস্কুল সংশ্লিষ্ট পরিষেবার দল (প্রিস্কুল রিলেটেড সার্ভিসেস টিম)**

***প্রিস্কুল রিলেটেড সার্ভিসেস টিম (Preschool Related Services Team ) হচ্ছে ডিওই-র স্পেশাল এডুকেশন অফিসের (DOE's Special Education Office ) একটি অংশ। এই টিমে আছে অকুপেশনাল থেরাপিস্ট, ফিজিক্যাল থেরাপিস্ট, এবং স্পীচ-ল্যাংগুয়েজ থেরাপিস্ট যারা পাচটি বোরোতে শিক্ষার্থীদের শিক্ষাগত প্রস্তুতিতে নিবেদিতপ্রাণ। আপনি যদি রিলেটেড সার্ভিসেস এবং প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রসেস সম্পর্কে আরো জানতে চান, তাহলে ডিওই-র schools.nyc.gov এই ওয়েবসাইটটি দেখুন, এবং "Special Education" ও "Moving to Preschool" -এ ক্লিক করুন।***

স্পীচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপি (কথা এবং ভাষাগত থেরাপি) শিশুর শোনা, বলা, নতুন শব্দ শেখা, এবং স্কুল ও সামাজিক পরিবেশে ভাষা বোঝার কিভাবে উন্নতি করা যায় সেবিষয়ে লক্ষ্য দেয়। নিচের কার্যকলাপগুলোর মাধ্যমে এই ক্ষেত্রে উপকারিতা পাওয়া যেতে পারেঃ

- কে, কি, কিভাবে, কেন, কখন এবং কোথায় - এই শব্দগুলোর মানে আপনার সন্তানকে বুঝতে সাহায্য করুন এবং এগুলো ব্যাবহার করে প্রশ্ন করুন। উদাহরণস্বরূপ: "এই কমলাগুলো এ দোকানে কিভাবে এসেছে?" "যখন গাছের সব পাতা পরে যায় তখন কি হয়?"

- আপনার সন্তানকে বিভিন্ন রকম ফলমূল এবং শাকসব্জি খেতে দিন। ওগুলো খেতে কেমন লাগল, দেখতে কেমন এবং গন্ধ কেমন এসব নিয়ে আলোচনা করুন। এদের মধ্যে কোথায় মিল আছে এবং কোথায় অমিল আছে ওগুলো নিয়ে প্রশ্ন করুন।

- আপনার সন্তানের সাথে অনুমান করতে হবে ওধরনের খেলা খেলুন। গাছপালা, ফলমূল এবং শাক-সব্জি সম্পর্কে ওদেরকে বিভিন্ন তথ্য দিন। উদাহরণস্বরূপ: "কোন জিনিসের রং কমলা, লম্বা এবং খরগোশ খেতে পছন্দ করে।"

- আপনার সন্তানকে এমন সব আর্ট প্রজেক্ট করতে দিবেন, যেটা করতে দুইটি অথবা তার অধিক ধাপ করতে হবে। কোন ধাপ আগে হবে কোন ধাপ পরে হবে এগুলো আপনার সন্তানকে সিদ্ধান্ত নিতে দিন। উদাহরণস্বরূপ, "প্রথম একটি ফুলের ছবি আঁক, তারপর এটা কেটে আলাদা কর।"

ফিজিক্যাল থেরাপির মূল লক্ষ্য হচ্ছে একটি শিশুকে হাটতে, দৌড়াতে, ভারসাম্য রাখতে এবং সমন্বয় করতে যে নিপুণতা প্রয়োজন, সেটার উন্নতি করতে সাহায্য করা। নিচের কার্যকলাপগুলোর মাধ্যমে এই ক্ষেত্রে উপকারিতা পাওয়া যেতে পারেঃ

- যখন বাইরে থাকবেন, আপনার সন্তানকে হাটতে, লাফাতে এবং দৌড়াতে দিন এবং একই সাথে ওকে ডাল, পাতা, ফুল অথবা গাছের ছাল-বাকর নিতে বলুন যেগুলো দিয়ে সে বাসায় কোন আর্ট প্রজেক্ট করবে।

- দোকানে আপনার সন্তানকে শপিং কার্টটি নিতে দিন এবং শাক-সব্জি ও ফলমূল কার্টে রাখতে দিন।

- বাইরে হাটতে নিয়ে যান এবং যেখানে শুকনো পাতা মাত্র পরেছে ওগুলোর উপর লাফাতে দিন। কোন শুকনো পাতা কেমন শব্দ করে ওটা নিয়ে আলোচনা করুন।

- গাছ কিভাবে বেড়ে উঠে সেবিষয়ে একটি বই পড়ে শোনান অথবা একসাথে গান করুন। আপনার শিশুকে গাছ কিভাবে বেড়ে উঠে সেটা অঙ্গভঙ্গি করে দেখাতে বলুন, যেমন বাকা হয়ে মাটি ছুয়ে তারপর আস্তে আস্তে উঠে দাঁড়িয়ে আকাশ ছোয়ার চেষ্টা করবে।

অকুপেশনাল থেরাপি একটি শিশুকে তার দৈনিক কাজে এবং পড়ালেখার বিষয়ে কিভাবে স্বনির্ভর করা যায় সেদিকে লক্ষ্য করে, এবং এটি করতে শিশুর কাজকর্ম ও চলাফেরার নিপুণতায়, কি দেখছে সেটা বুঝতে পারায়, কাজ গুছিয়ে করতে পারায়, ইন্দ্রিয়ের সঠিক উপলব্ধি করতে পারায় এবং কিছুতে মনযোগ দিতে পারায় উন্নতি করতে সাহায্য করে। নিচের কার্যকলাপগুলোর মাধ্যমে এই ক্ষেত্রে উপকারিতা পাওয়া যেতে পারেঃ

- বালি, মাটি, কাদা অথবা রং দিয়ে খালি হাতে আপনার সন্তানকে গাছপালা এবং ফুলের ছবি আকতে দিন, এবং প্লে-ডোহ দিয়ে গাছ ও ফুল বানাতে দিন।

- ইনডেক্স কার্ডে একটিতে গাছ ও আরেকটিতে ওটার ফুলের ছবি আঁকুন, এবং এভাবে বেশ কিছু কার্ড তৈরি করে খেলাচ্ছলে দেখুন আপনার শিশু মনে রাখতে পারে কিনা - কোন গাছের ফুল কোনটি। আপনার শিশুকে কার্ডগুলো উল্টো করে সাজিয়ে রাখতে সাহায্য করুন। আপনারা দুইটি করে কার্ড উল্টিয়ে কোন গাছের ফুল কোনটি ওটা মেলানোর চেষ্টা করুন।

- আপনার সন্তানকে বিভিন্ন মাপের ছোলা এবং বীচি দিন। ওগুলো ছোট একটি ব্যাগে ভরে আপনার সন্তানকে একটি একটি করে বের করে বিভিন্ন ভাবে সাজাতে দিন।